(খ) মেয়াদ অবসান ব্যতীত অন্য কোন কারণে সংসদ ভাংগিয়া যাইবার ক্ষেত্রে ভাংগিয়া যাইবার পরবর্তী নব্বই দিনের মধ্যে;

তবে শর্ত থাকে যে, এই দফার (ক) উপ-দফা অনুযায়ী অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে নির্বাচিত ব্যক্তিগণ উক্ত উপ-দফায় উল্লিখিত মেয়াদ সমাপ্ত না হওয়া পর্যন্ত সংসদ-সদস্যরূপে কার্যভার গ্রহণ করিবেন না।"।

## ৪২। জরুরী অবস্থার মেয়াদ নির্ধারণ
## (অনুচ্ছেদ ১৪১ক)

**সুপারিশ ঃ**

৪২। **সংবিধানের অনুচ্ছেদ ১৪১ক এর সংশোধন।**—সংবিধানের অনুচ্ছেদ ১৪১ক এর—

(ক) দফা (১) এর "তাহা হইলে তিনি" শব্দগুলির পর "অনধিক একশত কুড়ি দিনের জন্য" শব্দগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) দফা (২) এর উপ-দফা (গ) এর "অতিবাহিত হইবার পূর্বে সংসদের প্রস্তাব-দ্বারা অনুমোদিত না হইলে উক্ত" শব্দগুলি বিলুপ্তি হইবে;

(গ) দফা (২) এর শর্তাংশে "উক্ত ত্রিশ দিনের অবসানে" শব্দগুলির পর "অথবা একশত কুড়ি দিন সময়ের অবসানে, যাহা আগে ঘটে," শব্দগুলি এবং কমাগুলি সন্নিবেশিত হইবে।"।

## ৪৩। সংবিধান সংশোধন
## (অনুচ্ছেদ ১৪২)

**সুপারিশ ঃ**

৪৩। **সংবিধানের অনুচ্ছেদ ১৪২ এর প্রতিস্থাপন।**—সংবিধানের অনুচ্ছেদ ১৪২ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১৪২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"১৪২। **সংবিধানের বিধান সংশোধনের ক্ষমতা।**—(১) এই সংবিধানে যাহা বলা হইয়াছে, তাহা সত্ত্বেও

(ক) সংসদের আইন-দ্বারা এই সংবিধানের কোন বিধান সংযোজন, পরিবর্তন, প্রতিস্থাপন বা রহিতকরণের দ্বারা সংশোধিত হইতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে,

(অ) অনুরূপ সংশোধনীর জন্য আনীত কোন বিলের সম্পূর্ণ শিরনামায় এই সংবিধানের কোন বিধান সংশোধন করা হইবে বলিয়া স্পষ্টরূপে উল্লেখ না থাকিলে বিলটি বিবেচনার জন্য গ্রহণ করা যাইবে না ;

(আ) সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত না হইলে অনুরূপ কোন বিলে সম্মতিদানের জন্য তাহা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হইবে না;

(খ) উপরি-উক্ত উপায়ে কোন বিল গৃহীত হইবার পর সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট তাহা উপস্থাপিত হইলে উপস্থাপনের সাত দিনের মধ্যে তিনি বিলটিতে সম্মতিদান করিবেন, এবং তিনি তাহা করিতে অসমর্থ হইলে উক্ত মেয়াদের অবসানে তিনি বিলটিতে সম্মতিদান করিয়াছেন বলিয়া গণ্য হইবে।"।